

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
রাজস্ব শাখা
www.pabna.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৩.৭৬০০.০২৮.১১.০০৭.২৫.১৩০৯

তারিখঃ ১৬ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
৩০ জুন ২০২৬ খ্রিস্টাব্দ


বিজ্ঞপ্তি

নির্বাচনি কমিটি, পাবনা এর অধীনে জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা এর রাজস্ব প্রশাসনের আওতাধীন শাখাসমূহ, উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিসসমূহে ২০ তম গ্রেডের অফিস সহায়ক এর ১৮ (আঠারো)টি শূন্য পদে জনবল সরাসরি নিয়োগের লক্ষ্যে লিখিত পরীক্ষা ১৯ জুন ২০২৬ তারিখে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা ২০ জুন ২০২৬ তারিখে জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা-এ অনুষ্ঠিত হয়। গৃহীত লিখিত ও মৌখিক পরীক্ষার ভিত্তিতে এবং কোটা সম্পর্কিত সর্বশেষ নীতিমালা অনুসরণপূর্বক ১৮(আঠারো) জন প্রার্থীকে নিয়োগদানের জন্য সুপারিশ করা হয়। পরবর্তীতে ০২(দুই) জন প্রার্থী যোগদান না করায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৫ আগস্ট ২০২৫ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০২০.২৪-২১৭ নং পরিপত্রের নির্দেশনা অনুযায়ী মেধাক্রম অনুসারে অফিস সহায়ক পদে অপেক্ষমান তালিকার শীর্ষে অবস্থানকারী নিম্নবর্ণিত রোল নম্বরধারী প্রার্থীকে নিয়োগদানের জন্য সুপারিশ করা হলো।

পদের নামঃ অফিস সহায়ক

১৪০৪৩৪৩, ১৪০৫২৭৪=০২(দুই) জন

- ২। নির্বাচিত প্রার্থী কর্তৃক দাখিলকৃত সনদ ও অন্যান্য কাগজপত্রে কোনো গড়মিল বা অসত্য তথ্য পাওয়া গেলে অথবা কোনো তথ্য গোপন করা হলে প্রার্থীর নিয়োগ বাতিল করা হবে।
- ৩। নির্বাচিত প্রার্থীদের অনুকূলে নিয়োগপত্র যথাসময়ে স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হবে।
- ৪। নির্বাচিত প্রার্থীদের ডোপ টেস্ট ও স্বাস্থ্য পরীক্ষা, পুলিশ ভেরিফিকেশন, জাতীয় পরিচয়পত্র ইত্যাদি দলিলাদির সত্যতা যাচাই সাপেক্ষে চূড়ান্ত নিয়োগ কার্যকর করা হবে।
- ৫। প্রকাশিত ফলাফলে কোনো ভুল ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।



ইয়াসমিন মনিরা

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পাবনা

ও

সভাপতি

নির্বাচনি কমিটি, পাবনা